গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.৯৯.০৪৫.১৯-৭০৪৯/১২ তারিখ: ০৮ মার্চ ২০২২খ্রি.

বিষয়: মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে কর্মসূচি গ্রহণ সংক্রান্ত।

সূত্র: (১) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-৪৮.০০.০০০০.০০০.৩৫.০০১.২২.২৭৪ তারিখ:১৬ ফেব্রুয়ারি
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৫.১৬.০৭০.১৬.৯৬, তারিখ-০৬ মার্চ ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের নিমিত্ত এ বিষয়ে গঠিত মন্ত্রিসভা কমিটি কর্তৃক গৃহিত ৫০টি কর্মসূচি মাননীয় প্রধান মন্ত্রীর নিকট সানুগ্রহ অনুমোদিত হয়েছে। ৫০টি কর্মসূচির মধ্যে ৪৪ নং কর্মসূচি অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক নিম্নরূপ কর্মসূচি গ্রহণ করতে হবে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠানে নিম্ন সময়সূচি অনুযায়ী সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর (জীবন ভিত্তিক) উপর ছড়া/কবিতা, সংগীত ও রচনা প্রতিযোগিতা, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করতে হবে।

| | | | |
|---|---|---|---|
| ক. | মাধ্যমিক স্তর | সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় | ১০ মার্চ ২০২২খ্রি. |
| খ. | কলেজ স্তর | সকল সরকারি ও বেসরকারি কলেজ | ১২ মার্চ ২০২২খ্রি. |

স্ব স্ব প্রতিষ্ঠানের (মাধ্যমিক ও কলেজ) ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সকল ছাত্র-ছাত্রীকে সম্পৃক্ত করে নির্বাচিত ছড়া/কবিতা, সংগীত ও রচনা নিয়ে অভ্যন্তরীণ প্রতিযোগিতা নির্ধারিত তারিখের পূর্বেই সম্পন্ন করে রাখতে হবে।

গ. চূড়ান্ত প্রতিযোগিতা আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে স্ব স্ব প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটির সদস্যগণ, স্থানীয় বীর মুক্তিযোদ্ধাগণ, সামাজিক সংগঠনের নেতৃবৃন্দ, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি, শিক্ষানুরাগী ও ছাত্র-ছাত্রীদের অভিভাবককে সম্পৃক্ত করে অনুষ্ঠানের আয়োজন করতে হবে।

ঘ. অনুষ্ঠানে স্থানীয় বীর মুক্তিযোদ্ধাগণ কর্তৃক যুদ্ধকালীন বীরত্বগাঁথা বিষয়ক স্মৃতিচারণ করার বিষয়টি আবিশ্যকভাবে রাখতে হবে।

ঙ. স্ব-স্ব প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করতে হবে।

চ. নির্ধারিত ছড়া/কবিতা, জাতীয় সংগীত বিষয়ের প্রতিযোগিতা আবশ্যিকভাবে করতে হবে। আবশ্যিক বিষয়ের পাশাপাশি মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু সংশ্লিষ্ট অন্যান্য কবিতা/সংগীত/আলোচনা সভা/স্মৃতিচারণ প্রতিযোগিতা অনুষ্ঠানে সম্পৃক্ত করা যেতে পারে।

আবশ্যিক বিষয়:

মাধ্যমিক স্তরের নির্ধারিত কবিতা-(১) স্বাধীনতা তুমি (২) আমি আজ কারো রক্ত চাইতে আসিনি (৩) টুঙ্গিপাড়ার খোকাবাবু।
মাধ্যমিক স্তরের নির্ধারিত সংগীত-(১)যদি রাত পোহালে শোনা যেত(২) শোন, একটি মুজিবরের থেকে (৩) বাংলার হিন্দু বাংলার বৌদ্ধ
কলেজ স্তরের কবিতা-স্বাধীনতা, এই শব্দটি কীভাবে আমাদের হলো (২) যাঁর মাথায় ইতিহাসের জ্যোতির্বলয় (৩) আমার পরিচয়।
কলেজ স্তরের সংগীত-তুমি বাংলার ধ্রুবতারা (২) বঙ্গবন্ধু ফিরে এলে তোমার স্বপ্নের স্বাধীন বাংলায়।

বাস্তবায়নের জন্য উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো:

ক) উপজেলা নির্বাহী কর্মকর্তা-সভাপতি
খ) উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডের প্রতিনিধি (বীর মুক্তিযোদ্ধা)-সদস্য
গ) উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত প্রতিনিধি (স্থানীয় গণ্যমান্য ব্যক্তি)-সদস্য
ঘ) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার-সদস্য
ঙ) উপজেলা শিক্ষা অফিসার-সদস্য সচিব

কমিটির কর্যপরিধি:

ক) সংশ্লিষ্ট উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিযোগিতা ও অনুষ্ঠান বাস্তবায়ন ও তত্ত্বাবধান করা;
খ) কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।
কোভিড-১৯ সম্পর্কিত সর্বশেষ সরকারি নির্দেশনা ও যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।
অনুষ্ঠান সম্পন্নের পর সচিব, মুক্তিযোদ্ধ বিষয়ক মন্ত্রণালয় বরাবরে বাস্তবায়ন প্রতিবেদন দাখিল করতে হবে।

এমতাবস্থায়, বর্ণিত নিয়মাবলী মোতাবেক অনুষ্ঠান সম্পন্ন করার জন্য নির্দেক্রমে অনুরোধ করা হলো।

08/03/2022

(বিপুল চন্দ্র বিশ্বাস)
উপপরিচালক (সাধারণ প্রশাসন)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. পরিচালক (মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/মনিটরিং অ্যান্ড ইভালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৩. প্রকল্প পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৪. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল (পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৫. অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ (সকল), (পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৬. উপপরিচালক (সেসিপ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল), (পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৭. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল), (পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৮. জেলা শিক্ষা অফিসার, সকল (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৯. প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি উচ্চ বিদ্যালয়, (সকল), (পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১০. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

১১. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
১২. সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
আঞ্চলিক পরিচালকের কার্যালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা কুমিল্লা অঞ্চল, কুমিল্লা
Email: directorshedu@yahoo.com

স্মারক নম্বর: ৩৭.০২.১৯০০.১০২.৯৯.০৪০.২২.৫৭

তারিখ: ২৩ ফাল্গুন ১৪২৮
০৮ মার্চ ২০২২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

৮-৩-২০২২
প্রফেসর সোমেশ কর চৌধুরী (৩২৯১)
পরিচালক
ফোন: 08174033.
ইমেইল:
directorshedu@yahoo.com.

১) অধ্যক্ষ, সকল সরকারি/বেসরকারি কলেজ, কুমিল্লা অঞ্চল।
২) জেলা শিক্ষা কর্মকর্তা, লক্ষ্মীপুর/কুমিল্লা/ব্রাহ্মণবাড়িয়া/চাঁদপুর
৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (কুমিল্লা অঞ্চল) (তাঁর উপজেলার সকল বেসরকারি কলেজের অধ্যক্ষগণকে বিষয়টি অবহিত করার অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
কুমিল্লা
www.deo.comilla.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.১৯০০.০০০.৯৯.১৩৪.২২.২৬৬

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৮
১৩ মার্চ ২০২২

অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১৩-৩-২০২২
মোঃ ইউনুছ ফারুকী

জেলা শিক্ষা কর্মকর্তা

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), জেলা : কুমিল্লা